



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক পদে সায়মা ওয়াজেদ নির্বাচিত হওয়ায় জাবি উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০১ নভেম্বর ২০২৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক পদে নির্বাচিত হওয়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম তাঁকে অভিনন্দন জানিয়েছেন।

আজ ০১ নভেম্বর বুধবার, ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত সংস্থার ৭৬-তম অধিবেশনের তৃতীয় দিনে এই ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নবনির্বাচিত আঞ্চলিক পরিচালক সায়মা ওয়াজেদ আগামী ০১ ফেব্রুয়ারি তাঁর দায়িত্ব গ্রহণ করবেন।



আজ এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, বিশ্বব্যাপী মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ, বিশেষ করে অটিজম বিশেষজ্ঞ হিসেবে সায়মা ওয়াজেদের পরিচিতি ও সুখ্যাতিতে বাংলাদেশ গর্বিত। উল্লিখিত পদে সায়মা ওয়াজেদের বিজয় তাঁর কাজের সম্মান-স্বীকৃতি। উপাচার্য দৃঢ়ভাবে বিশ্বাস করেন, সায়মা ওয়াজেদ তাঁর মেধা, অর্জিত জ্ঞান ও সমৃদ্ধ অভিজ্ঞতা দিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থায় বাংলাদেশের মর্যাদা আরও বৃদ্ধি করবেন।

মোহাম্মদ মহিউদ্দিন

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

